দর্শনার ধান্যঘরায় গলায় খাবার আটকে বৃদ্ধের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামে গলায় খাবার আটকে নজরুল ইসলাম ওরফে নওশাদ আলী শাহ (৬৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

শনিবার (৩১ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে এ ঘটনা ঘটে। নিহত নজরুল ইসলাম ওই গ্রামের মৃত রওশন আলী শাহের ছেলে।

নিহতের পরিবার ও এলাকাবাসী সূত্রে জানা যায়, শনিবার সকালে নিজ বাড়িতে খাবার খাওয়ার সময় হঠাৎ তাঁর গলায় ভাত আটকে যায়। এতে তিনি অসুস্থ হয়ে পড়েন। পরে পরিবারের সদস্যরা তাঁকে দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়।

নিহতের ছেলে সাইদুল ইসলাম জানান, প্রতিদিনের মতো শনিবার সকালে তাঁর বাবা বাড়িতে ভাত খাচ্ছিলেন। এ সময় গলায় ভাত আটকে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। পরে হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম জানান, তিনি ঘটনাটি শুনেছেন।

দর্শনার ধান্যঘরায় গলায় ফাঁস দিয়ে যুবকরে আত্ম*হত্যা

দামুড়হুদা উপজলোর দর্শনা থানার ধান্যঘরায় ঘররের আড়ার সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন মলিন হোসেন (৩৫) নামের ভারসাম্য হীন এক যুবক।

সে দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিউনের ধান্যঘরা গ্রামের মাঝপাড়ার ইসমাইল হোসেনের ছেলে। পারিবারিক সুত্রে জানা গেছে আজ

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার দিকে নিজ ঘররের আড়ার সাথে গলায় রশি দিয়ে আত্মহত্যা করেন।

মলিন হোসেন র্দীঘদিন যাবৎ মানসিক সমস্যায় ভুগছেন এবং বিভিন্ন জায়গায় চিকিৎসা করার পরও উন্নতি না হওয়ার কারণে এ ঘটনা ঘটায়।

এ ঘটনায় দর্শনা থানার ওসি তদন্ত আমানউল্লা আমান ঘটনাস্থল পরির্দশন করে তিনি বলেন, র্দীঘদিন ধরে বিভিন্ন রোগে আক্রান্ত ছিলো বৃহস্পতিবার সকালে সবার অজান্তে নিজ ঘররের আড়ার সাথে গলায় রশি দিয়ে আত্মহত্যা করেছে ।

এ বিষয়ে দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।